# মোহনগঞ্জ পৌরসভা কার্যালয়

মোহনগঞ্জ, নেত্রকোণা

স্থাপিতঃ ১৯৭৫ইং।

ইজারা বিজ্ঞপ্তিনং- ০২/২০২৪-২৫/ ২০৮ তারিখঃ ০৯/০১/২০২৫খ্রিঃ

এতদ্বারা মোহনগঞ্জ পৌরসভা কর্তৃক নিয়ন্ত্রিত নিম্নবর্নিত হাটবাজার, ঘাট, ষ্ট্যান্ড সমূহ ১৪৩২ বাংলা সনের ১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত মোট ১(এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের জন্য সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্র সমূহ নিম্নে উল্লেখিত তারিখ ও সময় পর্যন্ত জেলা প্রশাসক, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, সহকারি কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, থানা কার্যালয়(পুলিশ ষ্টেশন), মোহনগঞ্জ, সোনালী ব্যাংক লিঃ মোহনগঞ্জ শাখা এবং মোহনগঞ্জ পৌরসভা কার্যালয় থেকে নিম্ন বর্ণিত সময় সূচী অনুযায়ী ক্রয় করা যাইবে এবং দরপত্র জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা, থানা কার্যালয়(পুলিশ ষ্টেশন), মোহনগঞ্জ, নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মোহনগঞ্জ রক্ষিত দরপত্র বাক্সে বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত গ্রহন করা হইবে। দরপত্র দাখিলের দিন বেলা ৩.৩০ ঘটিকায় অত্র প্রতিষ্ঠান ব্যতীত অন্য প্রতিষ্ঠানে দাখিলকৃত দরপত্র সমূহ প্রাপ্তির পর উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। এতদ্‌সংক্রান্ত যাবতীয় তথ্যাদি/শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাইবে। ১ম বারের দাখিলকৃত দরপত্র গৃহীত হইলে পরবর্তী বারের দরপত্র বিক্রয় দাখিল প্রযোজ্য হইবে না। অনুরূপ ভাবে পরবর্তী বারের ক্ষেত্রেও প্রযোজ্য। উল্লেখ্য যে, দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র বিক্রয় করা যাইবে না। দরপত্র সংক্রান্ত আরও বিস্তারিত তথ্যাদি অত্র অফিস হইতে জানা যাইবে।

| ক্রমিক নং | হাট বাজার, ঘাট, ষ্ট্যান্ড সমূহের নাম | সম্ভাব্য ইজারা মূল্য | দরপত্রের মূল্য |
|---|---|---|---|
| ০১ | শুকনা মাছ বাজার | ২২,৫০,২২১/- | ৫,০০০/- |
| ০২ | মাছ বাজার ও সংলগ্ন নৌকা ঘাট | ১,৯০,৯২৮/- | ১,০০০/- |
| ০৩ | হাঁস মুরগীর বাজার | ৫৮,৮৩০/- | ৫০০/- |
| ০৪ | দৌলতপুর ট্রলার/বালু ঘাট | ১,৪৩,৬৬৬/- | ১০০০/- |
| ০৫ | স্লুইচ গেইট সংলগ্ন বালু ঘাট | ৩১,৮৫৫/- | ৫০০/- |
| ০৬ | পৌর বাস ও ট্রাক ষ্ট্যান্ড | ১৯,৭৭,২৫৩/- | ৪,৪০০/- |
| ০৭ | রেল লাইন ও মাছ বাজার সংলগ্ন কসাইখানা | ২৪,৪৫৮/- | ৫০০/- |

<u>দরপত্র ক্রয় ও দাখিলের শেষ তারিখঃ-</u>

| | | |
|---|---|---|
| ১ম বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ<br>২৯/০১/২০২৫<br>বুধবার - ৫.০০ ঘটিকা। | ২য় বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ<br>১৯/০২/২০২৫<br>বুধবার - ৫.০০ ঘটিকা। | ৩য় বার দরপত্র ক্রয়ের শেষ তারিখঃ<br>১০/০৩/২০২৫<br>সোমবার- ৫.০০ ঘটিকা। |
| ১ম বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ<br>৩০/০১/২০২৫<br>বৃহস্পতিবার- ২.৩০ ঘটিকা। | ২য় বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ<br>২০/০২/২০২৫<br>বৃহস্পতিবার - ২.৩০ ঘটিকা। | ৩য় বার দরপত্র দাখিলের শেষ তারিখঃ<br>১১/০৩/২০২৫<br>মঙ্গলবার- ২.৩০ ঘটিকা। |

বিঃ দ্রঃ কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সংশোধন/স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯/০১/২০২৫

(জুয়েল আহমেদ)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা

CS CamScanner

## ১৪৩২ বাংলা সনের ইজারার শর্তাবলীঃ

১) উল্লেখিত প্রস্তাবিত দরের ১০০% টাকা তফসিলভূক্ত ব্যাংক হইতে মেয়র, মোহনগঞ্জ পৌরসভার অনুকূলে বিডি/পে অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

২) সর্বোচ্চ দর প্রশাসক, মোহনগঞ্জ পৌরসভার অনুমোদনক্রমে গ্রহণযোগ্য হইবে। অনুমোদিত দরদাতাকে ০৭(সাত) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন পূর্বক হাট বাজার, ঘাট ও ষ্ট্যান্ডের দখল বুঝিয়া নিতে হইবে।

৩) প্রত্যেক দরপত্র দাতাকে উল্লেখিত দরের ১৫% হারে অগ্রীম ভ্যাট ও আয়কর ১০% হারে আলাদাভাবে বিডি /পে অর্ডারের মাধ্যেমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৪) শুকনা মাছ বাজারে বিক্রেতার নিকট হইতে ২% (শতকরা ২ টাকা) হিসাবে রশিদের মাধ্যমে টোল আদায় করা যাইবে। শুকনা মাছবাজারে কোন স্থানে কাঠ রাখা বা কাঠ হইতে কোন টোল আদায় করা যাইবে না এবং মাছ শুকানো যাইবে না।

৫) প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাটবাজারের নির্ধারিত সরকারি মূল্য হইতে কম হয় তা-হইলে পুণরায় দরপত্র আহ্বান করা হইবে। ২য় বার দরপত্র আহ্বান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে ৩য় ধাপে ইজারা প্রদানের কার্যক্রম অব্যাহত থাকিবে।

৬) এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৭) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করিতে হইবে।

৮) নোটিশে উল্লেখিত টোল রেইট মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইরাজাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করিতে হইবে।

৯) প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১০) ইজারাদার কোন ক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত অমান্য করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে।

১১) দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২) ইজারাদার নিজ খরচে বাজার/ঘাট/ষ্ট্যান্ড পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবেন।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণ করা হইবে না।

১৫) হাট বাজার ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে। এই বিষয়ে কোন আপত্তি আইনগত গ্রহণযোগ্য হইবে না।

১৬) প্রতি কাভার্ড ভ্যান/বড় ট্রাক এর জন্য টোল ১০০/-(একশত) টাকা, প্রতি ছোট ট্রাক/পিকাপ/কাভার্ড ভ্যান এর জন্য টোল ৫০/-(পঞ্চাশ) টাকা, প্রতি বড় বাস ১০০/-(একশত) টাকা, প্রতি সিএনজি এর জন্য ২০/-(বিশ) টাকা এবং প্রতি লোকাল বাসের জন্য পৌরসভার অনুমোদিত টোল ৩০/-(ত্রিশ) টাকা হিসাবে রশিদের মাধ্যমে আদায় করা যাইবে।

১৭) সরকারি কিংবা বেসরকারি কোন কাজে প্রাইভেটকার, মাইক্রোবাস, অটো রিক্সা হইতে কোন টোল আদায় করা যাইবে না।

১৮) অনুমোদিত টোল রেইট (ক) যন্ত্রচালিত নৌকা প্রতিটি ১০০/-(একশত) টাকা (খ) হস্তচালিত নৌকা প্রতিটি ৫০/-(পঞ্চাশ) টাকা হিসাবে রশিদের মাধ্যমে আদায় করা যাইবে।

১৯) হাটবাজার, ঘাট, ষ্ট্যান্ড ইজারার উপর সরকার আরোপিত এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশিত যেকোন কর পৌর কর্তৃপক্ষ চাহিবা মাত্র ইজারাদারগণ পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।

২০) বাস ষ্ট্যান্ডে কোন অটো রিক্সা, টেম্পু হইতে কোন টোল আদায় করা যাইবে না।

২১) হাট বাজারের ইজরার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

২২) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সংশোধন/স্থগিত/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ উল্লেখিত শর্তাবলীর বিপরীতে কোন কার্যক্রম গ্রহণের মনমানসিকতা পোষনকারীদের দরপত্র ক্রয় করা থেকে বিরত থাকার জন্য পরামর্শ প্রদান করা হইল।

০১/৭/২০২৫
(জুয়েল আহমেদ)
প্রশাসক
মোহনগঞ্জ পৌরসভা।

CamScanner